



সমন্বয়কারীর কার্যালয়

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা: ২০২০-২০২১ খ্রি.
ডিন অফিস, থিওলজী এণ্ড ইসলামিক স্টাডিজ অনুষদ
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ।

তারিখ: ১৬-১১-২০২১

“D” ইউনিট

১ম বর্ষ বিটিআইএস (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ ইং
ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ।

ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনাবলী

০১. মেধা তালিকার জন্য: গত ০৯-১১-২০২১ ইং তারিখে প্রকাশিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের “D” ইউনিটের ভর্তি পরীক্ষা-২০২০-২০২১ ইং-এর ফলাফল ইতোমধ্যে অনলাইন এবং অফলাইনে প্রচারিত হয়েছে। উপর্যুক্ত ফলাফলের ভিত্তিতে ২৪০টি আসনের জন্য মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের (মেধাক্রমানুসারে) সাক্ষাৎকার আগামী ২৮-১১-২০২১ ইং তারিখ থেকে ৩০-১১-২০২১ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অনুষদ ভবনের ৪র্থ তলায় সমন্বয়কারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকার সভায় চূড়ান্ত ভর্তির অনুমতিপত্র প্রদান করা হবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী সাক্ষাৎকারের দিন থেকে ০১-১২-২০২১ ইং তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তি হওয়ার আর কোনো সুযোগ থাকবে না।
০২. প্রথম অপেক্ষমান তালিকা: আসন খালি থাকা সাপেক্ষে প্রথম অপেক্ষমান তালিকার প্রার্থীদের সাক্ষাৎকার (মেধাক্রমানুসারে) ০৫-১২-২০২১ ইং এবং ০৬-১২-২০২১ ইং তারিখে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকার সভা চূড়ান্ত ভর্তির অনুমতিপত্র ও সময় নির্ধারণ করবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। আগামী ০৭-১২-২০২১ ইং তারিখের মধ্যে নির্ধারিত ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তি হওয়ার আর কোন সুযোগ থাকবে না।
০৩. আসন খালি থাকা সাপেক্ষে ২য় অপেক্ষমান তালিকার প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (iu.ac.bd.) বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।
০৪. ইউনিট কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকারী ছাত্র-ছাত্রীদের বিভাগ পরিবর্তনের সুযোগ দেয়া হবে। আগামী ০৮-১২-২০২১ ইং তারিখ হতে ২২-১২-২০২১ ইং তারিখের মধ্যে বিভাগ পরিবর্তনের কাজ সম্পন্ন করতে হবে।
০৫. ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিম্নোল্লিখিত কাগজপত্র অবশ্যই সাক্ষাৎকার সভায় উপস্থাপন করতে হবে।
ক. ভর্তি পরীক্ষার হলের পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র।
খ. মাধ্যমিক/সম্মান এবং উচ্চ মাধ্যমিক/সম্মান পরীক্ষার মূল প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, মার্কশীট এবং সার্টিফিকেট অথবা সর্বশেষ শিক্ষাপ্রতিষ্ঠানের প্রশংসাপত্র।
গ. সদ্য তোলা আট (০৮) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।
০৬. ক্লাস শুরু হওয়ার তারিখ বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে জানানো হবে।
- বিঃদ্রঃ উপরোক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে ইউনিট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(অধ্যাপক ড. এম. এয়াকুব আলী)

সমন্বয়কারী (ডি ইউনিট)

১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২০-২০২১ খ্রি.

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-ঝিনাইদহ, বাংলাদেশ।

মোবাইল নং +৮৮ ০১৭১১ ১৩০৮১০